**সংবাদ**

তারিখ: 18 JUN 2012
পৃষ্ঠা: ১৬ কলাম: ৩

ভিসি অপসারণের দাবিতে বিক্ষোভ

# পাবিপ্রবি বন্ধ ঘোষণা

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. মোজাফফর হোসেনের দুর্নীতি, স্বজনপ্রীতি ও বিশ্ববিদ্যালয় রিজেন্ট বোর্ড থেকে পাবনার দুজন সংসদ সদস্যের নাম বাদ দেয়ায় জেলা আওয়ামী লীগ নিন্দা জানিয়েছে। এদিকে গত রোববার জেলা ছাত্র লীগ ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র লীগ ভিসির অপসারণ দাবি করে শহরে এবং ক্যাম্পাসে মিছিল করেছে। এছাড়া ভিসির অপসারণ দাবি করে শহরে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়-এর তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীরা। এ অবস্থায় আজ সোমবার থেকে ৮ জুলাই পর্যন্ত ছুটি বিশ্ববিদ্যালয় ঘোষণার কথা জানানো হয়েছে। জানা গেছে, বিশ্ববিদ্যালয় রিজেন্ট বোর্ডের সদস্য ছিলেন সংসদ সদস্য শামসুর রহমান শরীফ ডিলু ও গোলাম ফারুক খোন্দকার প্রিন্স। এবার নতুন কমিটি থেকে বাদ এই দুজন ছাড়াও অপর ৬ জনের নাম বাদ দেয়া হয়েছে। এতে ক্ষুব্ধ হয়েছে পাবনার সরকার দলীয় লোকেরা। এই বাদ দেয়াকে স্থানীয় নেতারা অপমানজনক মনে করছেন। পাবনা সদর আসনের সংসদ সদস্য গোলাম ফারুক খোন্দকার প্রিন্স বলেছেন, 'ভিসি সাহেব তার কয়েকজন আত্মীয় এবং তার এলাকার মোট ২৩ জনকে চাকরি দিয়েছেন। পাবনা তথা বৃহত্তর পাবনা জেলার মানুষরা চাকরি থেকে বঞ্চিত হয়েছেন। আমি এবং সংসদ সদস্য পাবনা জেলা আওয়ামী লীগের সভাপতি

বন্ধ : পৃষ্ঠা : ২ কঃ ১

## বন্ধ : ঘোষণা

(১৬ পৃষ্ঠার পর)

শামসুর রহমান শরীফ ডিলু এসব অনিয়মের বিরোধিতা করায় ভিসি আমাদের উপর ক্ষুব্ধ হন। তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষকে ভুল বুঝিয়ে আমাদের রিজেন্ট বোর্ড থেকে সরিয়ে দিয়ে তিনি তার পছন্দের ব্যক্তিদের সদস্য করার প্রস্তাব দেন। যা উর্ধ্বতন কর্তৃপক্ষ অনুমোদন দিয়েছেন। এটা পাবনাবাসী মেনে নিতে পারে না।' তিনি আরও বলেন রিজেন্ট বোর্ডের নতুন সদস্যরা সবাই ভিসির আত্মীয়স্বজন এবং বন্ধু। এ ব্যাপারে ভিসি ড. মোজাফফর হোসেন বলেন, রিজেন্ট বোর্ডের মেয়াদ ৩ বছর পূর্তি হওয়ায় বিধি মোতাবেক নতুনদের সদস্যভুক্ত করা হয়েছে। এদের মধ্যে ৩ জনকে রাষ্ট্রপতি বা মাননীয় চ্যান্সেলর মনোনয়ন দিয়েছেন। অপর ৫ জনের তিন জনকে শিক্ষামন্ত্রী এবং দুজন সংসদ সদস্যের নাম অনুমোদন দিয়েছেন প্রধান মন্ত্রী।